

পেয়েছি ছুটি, বিদায় দেহ ভাই—  
সবারে আমি প্রণাম করে যাই ॥  
ফিরায়ে দিনু দ্বারের চাবি রাখি না আর ঘরের দাবি,  
সবার আজি প্রসাদবাণী চাই ॥  
অনেক দিন ছিলাম প্রতিবেশী,  
দিয়েছি যত নিয়েছি তার বেশি ।  
প্রভাত হয়ে এসেছে রাতি, নিবিয়া গেল কোণের বাতি—  
পড়েছে ডাক চলেছি আমি তাই ॥

---

Parjaay: Anushthanik, Taal: Jhampak / Jhaptaal, Raag: Mishra Lallit  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail